১৮/৮/2000

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

প্রথম আলো

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ২ শিক্ষক-শিক্ষিকার বিরুদ্ধে নৈতিক স্খলনের অভিযোগ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের এক শিক্ষিকার স্বামী এবং ইতিহাস বিভাগের এক শিক্ষকের স্ত্রী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে নিজ নিজ স্ত্রী ও স্বামীর বিরুদ্ধে নৈতিক স্খলনের লিখিত অভিযোগ দিয়েছেন। এ নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উচ্চ মহলে তোলপাড় শুরু হয়েছে।

উল্লেখ্য, কর্তৃপক্ষ সম্প্রতি গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের এক শিক্ষককে নৈতিক স্খলনের অভিযোগে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে।

সূত্র মতে, গত ৫ আগস্ট ঢাকার একটি ইংরেজি মাসিক পত্রিকার সম্পাদক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর লিখিত অভিযোগে বলেছেন, তার স্ত্রী ১৯৯৮ সালে রাবিতে হিসাববিজ্ঞান বিভাগে প্রভাষক পদে নিয়োজিত থাকাকালে ইতিহাস বিভাগের এক প্রফেসরের (বর্তমানে লিয়েনে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত) সঙ্গে স্বামী-স্ত্রীর ন্যায় মেলামেশা করতে থাকেন। তিনি নৈতিক স্খলনের দায়ে অভিযুক্ত দুই শিক্ষকের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন।

এদিকে অভিযুক্ত অধ্যাপকের স্ত্রীও পৃথকভাবে লিখিত অভিযোগে (উপাচার্য বরাবর) হিসাববিজ্ঞান বিভাগের এক শিক্ষিকার সঙ্গে তার স্বামীর অবৈধ মেলামেশার কথা বলেছেন। এ কারণে তাকে প্রাণনাশের হুমকি, ডিভোর্স ও দুর্ব্যবহারের মুখোমুখি ...